# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/৭(১)/২০২৩-২৪/ ৭০৬ (১২৫০) তারিখঃ ২১/০৯/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়** ঃ সিএমএসএমই (কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ) খাতে বিতরণকৃত ঋণসমূহ পরিচালনার জন্য পৃথক হিসাব খাত খোলা ও চলমান সিএমএসএমই খাতের ঋণসমূহ সেক্টরভিত্তিক পৃথক হিসাবখাতে স্থানান্তর প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সিএমএসএমই খাতকে অর্থনৈতিক উন্নয়নের অন্যতম এজেন্ডা বিবেচনায় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক কৃষির পরই এ খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে অর্থায়ন করা হচ্ছে। সিএমএসএমই খাতের গুরুত্ব ও ব্যাপ্তি দিনকে দিন বৃদ্ধি পেলেও আলাদা কোন হিসাব খাত চালু না থাকায় মাঠ কার্যালয় হতে তথ্য সংগ্রহে তথ্যের ভিন্নতা পরিলক্ষিত হচ্ছে।

০৩। তদপ্রেক্ষিতে সিএমএসএমই খাতের ঋণসমূহের জন্য নিম্নোক্তভাবে সেক্টরভিত্তিক ০৯টি নতুন ঋণ হিসাব উপখাত, সংশ্লিষ্ট ০৯টি প্রভিশন ও ০৯টি আয় উপখাত ইতিমধ্যে CBS এ খোলা হয়েছেঃ

| ক্রঃ নঃ | খাত | | | |
|---|---|---|---|---|
| | বরাদ্দকৃত খাতের শিরোনাম | ঋণ উপখাত | আয় উপখাত | প্রভিশন উপখাত |
| ০১ | Short Term CMSME Loan (Manufacturing) | ১০১/৩৪ | ৪৬/১৪৪ | ১৩১/১৯৭ |
| ০২ | Short Term CMSME Loan (Service) | ১০১/৩৫ | ৪৬/১৪৫ | ১৩১/১৯৮ |
| ০৩ | Short Term CMSME Loan (Trading) | ১০১/৩৬ | ৪৬/১৪৬ | ১৩১/১৯৯ |
| ০৪ | Mid Term CMSME Loan (Manufacturing) | ১০২/৩৮ | ৪৬/১৪৭ | ১৩১/২০০ |
| ০৫ | Mid Term CMSME Loan (Service) | ১০২/৩৯ | ৪৬/১৪৮ | ১৩১/২০১ |
| ০৬ | Mid Term CMSME Loan (Trading) | ১০২/৪০ | ৪৬/১৪৯ | ১৩১/২০২ |
| ০৭ | Cash Credit CMSME (Manufacturing) | ১০১৪/৬ | ৪৬/১৫০ | ১৩১/২০৩ |
| ০৮ | Cash Credit CMSME (Service) | ১০১৪/৭ | ৪৬/১৫১ | ১৩১/২০৪ |
| ০৯ | Cash Credit CMSME (Trading) | ১০১৪/৮ | ৪৬/১৫২ | ১৩১/২০৫ |

০৪। নতুন বিতরণকৃত ঋণ হিসাবসমূহ CBS এ উল্লেখিত খাত-উপখাত ভিত্তিক খোলা এবং চলমান ঋণ হিসাবসমূহকে (২৫০০০ কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ও এসএমই ফাউন্ডেশন এর রিভলভিং ফান্ড এর আওতায় বিতরণকৃত ঋণ হিসাবসমূহ ব্যতীত) হিসাবায়নের সুবিধার্থে ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ত্রৈমাসিক সুদ চার্জ করার পর আগামী ০১/১০/২০২৩ তারিখে নতুন উপখাত অনুযায়ী স্থানান্তর করার জন্য শাখাসমূহকে নির্দেশনা প্রদান করা হলো। প্রয়োজনে ত্রৈমাসিক সুদ চার্জ করার পূর্বেই ঋণ হিসাবসমূহ খোলে রেখে মাসিক সুদ হিসাবায়নের পর নির্দিষ্ট তারিখে অর্থাৎ ০১/১০/২০২৩ তারিখে ঋণ হিসাবসমূহকে স্থানান্তর করা যেতে পারে। উল্লেখ্য যে, সিএমএসএমই এর আওতায় এসএমই ফাউন্ডেশনের ৩০০ কোটি টাকা এবং বাংলাদেশ ব্যাংকের ২৫০০০ কোটি টাকা প্রণোদনা প্যাকেজ পরিচালনার জন্য অত্র বিভাগের ২৮/০৮/২০২২,৩১/০৮/২০২২ ও ২৪/১১/২০২২ তারিখের পত্র নং যথাক্রমে ৫৩৫, ৫৭৯ ও ১৩০৫ মোতাবেক আলাদা হিসাব খাত খোলা হয়েছে যা চলমান রয়েছে (পত্রের কপি সংযুক্ত)।

চলমান পাতা-০২

**বিষয়** ঃ সিএমএসএমই (কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ) খাতে বিতরণকৃত ঋণসমূহ পরিচালনার জন্য পৃথক হিসাব খাত খোলা ও চলমান সিএমএসএমই খাতের ঋণসমূহ সেক্টরভিত্তিক পৃথক হিসাবখাতে স্থানান্তর প্রসঙ্গে।

০৫। এমতাবস্থায়, সিএমএসএমই (কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ) খাতে নতুন বিতরণকৃত ঋণ হিসাবসমূহ সেক্টরভিত্তিক হিসাবায়নের জন্য নতুন খোলা হিসাব খাত/উপখাত ভিত্তিক CBS এ পোষ্টিং প্রদান ও চলমান সিএমএসএমই খাতের ঋণ হিসাবসমূহ (প্রযোজ্যতা অনুসারে) নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে নতুন খাত/উপখাতে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন সহযোগীতার প্রয়োজন হলে আইসিটি সিস্টেমস, কার্ড এবং মোবাইল ব্যাংকিং বিভাগের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম) 21/09/2023
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/৭(১)/২০২৩-২৪/ ৭০৬ (১২৫০)

তারিখঃ ২১/০৯/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১,২,৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

21/09/2023
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক